

বিএসটিডি'র ২০তম এটিওটি কোর্স অনুষ্ঠিত



বিএসটিডি'র ২০তম এ্যাডভান্সড টিওটি কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের সঙ্গে বিএসটিডি'র সভাপতি জনাব এম জানিবুল হক

বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি)'র ব্যবস্থাপনায় ২৪-২৭ জানুয়ারি ২০২২ সময়কালে চার দিনব্যাপী উচ্চতর প্রশিক্ষকদের প্রশিক্ষণ বিষয়ক এ্যাডভান্সড ট্রেনিং অব ট্রেনার্স (এটিওটি) কোর্স যথারীতি সম্পন্ন হয়েছে। উক্ত কোর্সে ৮টি প্রতিষ্ঠান থেকে মোট ১৭ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তা অংশগ্রহণ করেন। গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখ সন্ধ্যা ৭:০০ টায় থাইচি রেস্টুরেন্ট, বিজয় সরণী, ঢাকায় অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মকর্তাদের মধ্যে সনদপত্র বিতরণ করেন সাবেক সিএসপি ও বিএসটিডি'র সভাপতি জনাব এম জানিবুল হক। কোর্স প্রতিবেদন উপস্থাপন করেন বিএসটিডি'র সহ-সভাপতি এবং এ কোর্সের পরিচালক আলহাজ্ব বিলকিস বেগম। সমিতির মহাসচিব জনাব এম খায়রুল কবীর অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য উপস্থাপন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।